গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfc.gov.bd

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র জুন ২০২২ মাসে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ৪র্থ (এপ্রিল-জুন'২০২২ ৪র্থ কোয়াটার) সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: আতাউর রহমান, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
স্থান : ব্যুরো'র সম্মেলন কক্ষ।
তারিখ : ২০ জুন ২০২২; সময়: দুপুর ১২-০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা:** | | |
| ১.১ | **নৈতিকতা কমিটির সভা:** ২০২১-২০২২ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ রয়েছে। প্রতিটি সভা প্রতি কোয়াটারের যথাসময়ে অনুষ্ঠান করার বিষয়ে আলোচনা হয়। বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এ পর্যন্ত মোট ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। | ২০২১-২০২২ অর্থ বছরের গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির সভা নির্ধারিত সময়ে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণসহ সভার কার্যবিবরণী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ১.২ | **নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** সভায় গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের উপর গুরুত্বারোপ করা হয়। | নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত যথাসময়ে সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা, উশিব্যু/ প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু। |
| ১.৩ | **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের** (stakeholders) **অংশগ্রহণে সভা:** মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট এনজিওদের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি সভা করার লক্ষ্য নির্ধারিত রয়েছে। ২২/৯/২০২১ তারিখে ১ম ত্রৈমাসিক, ২৬/১২/২০২১ তারিখে ২য় ত্রৈমাসিক, ১০ মার্চ ২০২২ তারিখে ৩য় ত্রৈমাসিক এবং ২১ জুন ২০২২ তারিখে ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন ও প্রশিক্ষণ), উশিব্যু। |
| ১.৪ | **শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:** ২০২১-২০২২ অর্থবছরে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের ২০০ জন কর্মকর্তা/কর্মচারীগণের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্য স্থির করা হয়েছে। প্রথম ত্রৈমাসিকে ৬৬ জন, এবং ২য় ত্রৈমাসিকে ৬০ জন, ৩য় ত্রৈমাসিকে ১২৯ জন এবং ৪র্থ ত্রৈমাসিকে ৫৫ জনসহ ৯ জুন ২০২২ পর্যন্ত সর্বমোট ৩১০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১। প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত রেখে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের লক্ষ্যস্থিত ২০০ জন কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্র পূরণ হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করত: ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রাও যথাসময়ে সম্পন্ন করতে হবে। | |
| ১.৫ | **কর্ম-পরিবেশ উন্নয়ন: ১৫/৬/২০২২** তারিখের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্য স্থির করা হয়েছে। এ লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীগণের কক্ষ রং করাসহ অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। | নির্ধারিত তারিখের মধ্যে ২০২২-২০২৩ এর অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ, অর্থ ও লজিঃ) ও ষ্টোর কর্মকর্তা, উশিব্যু। |
| ১.৬ | **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ:** কর্ম-পরিকল্পনা ১৫/৭/২০২১ তারিখে মন্ত্রণালয়ে দাখিল এবং ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/১০/২০২১, ১৫/১/২০২২, ১৫/৪/২০২২, ১৫/৭/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে | ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সিস্টেম এনালিষ্ট ও উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রেরণপূর্বক ব্যুরোর ওয়েবসাইটে আপলোডকরণের লক্ষ্যস্থির রয়েছে। ১৭/৭/২০২১ তারিখে কর্মপরিকল্পনা এবং ত্রৈমাসিক প্রতিবেদন ১৩/১০/২০২১, ১৩/০১/২০২২ হালনাগাদ করা হয়েছে। | | |
| ১.৭ | **আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:** জেলা পর্যায় হতে নিয়মিত ফিডব্যাক গ্রহণ করা হচ্ছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ এর উপর অগ্রগতি ফলোআপ অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, সকল জেলা। |
| ১.৮ | **শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ:** ২০২১-২০২২ অর্থবছরের ব্যুরো'র নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার লক্ষ্যে মনোনয়ন কমিটির সভা করা হয়েছে। চুড়ান্ত মনোনয়নের জন্য প্রস্তাবনা মহাপরিচালক, বরাবর দাখিল করা হয়েছে। | ২০২১-২০২২ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নিশ্চিতকরণসহ পুরস্কার প্রাপ্তদের তালিকা ৩০ জুন/২০২২ এর মধ্যে ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপ-পরিচালক (বাস্ত: ও প্রশি:)/ সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু। |
| ২. | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:** | | |
| ২.১ | **২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ:** বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনপূর্বক তা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনাটি ১ম কোয়াটার অর্থাৎ ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে অনুমোদনপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সিষ্টেম এনালিষ্ট/ উপ-পরিচালক (পরিকল্পনা)/ উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ২.২ | **প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন:** পিএসসি ও পিআইসি সভা ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনাতে কোন নির্দেশনা প্রদান করা হয়নি। | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক PSC ও PIC সভা অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা)/ উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ), উশিব্যু। |
| ২.৩ | **বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন:** প্রকল্প দপ্তর হতে জানানো হয় যে, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মে ২০২২ পর্যন্ত ব্যয় ৬৬৩২.২৩ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ২১.৪৬% এবং বাস্তব অগ্রগতি ৪৩.৩৫%। | প্রকল্প সমাপ্তির আগেই অডিট আপত্তি নিষ্পত্তিসহ, মালামালসমূহ হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক, বিএলপি এবং উপ-পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু। |
| ২.৪ | **প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা:** প্রকল্পের ২য় ধাপে ৬০ জেলার প্রকল্পভুক্ত ১১৪টি উপজেলায় ২১ লক্ষ শিক্ষার্থীর পাঠদান কার্যক্রম বিগত ০৮/১২/২০২১ তারিখে শুরু করা হয়েছে যা ০৭ জুন ২০২২ তারিখে সমাপ্ত হবে। প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সমুদয় সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর বিষয়ে ব্যুরোর মাসিক সমন্বয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। | ২০ জুন ২০২২ তারিখ অনুষ্ঠিত ব্যুরো'র মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক মৌলিক সাক্ষরতা প্রকল্পের সমুদয় মালামাল হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপ-পরিচালক (লজি:), সহকারী পরিচালক (লজি:) ও স্টোর অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | প্রকল্প পরিচালক, বিএলপি, উশিব্যু। |
| ৩. | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| ৩.১ | **দপ্তর দুর্নীতিমুক্ত স্টিকার লাগানো:** ৩০/১২/২০২১ তারিখ ব্যুরোর বিভিন্ন শাখায় দূর্নীতিমুক্ত স্টিকার লাগানো হয়েছে। | দুর্নীতিমুক্ত স্টিকার লাগানো চলমান রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(প্রশিক্ষণ) সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |
| ৩.২ | **সিসিটিভি ক্যামেরা স্থাপন:** উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সিসিটিভি ক্যামেরা গত ৬ জুন ২০২২ তারিখে পুন:স্থাপন করা হয়েছে এবং বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক গুরুত্বপূর্ণ স্থানে বসানো হয়েছে। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জনগুরুত্বপূর্ণ স্থানে লাগানো সিসিটিভি ক্যামেরা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। | |
| ৩.৩ | **কোভিড-১৯ এর বিষয়ে স্বাস্থ্য বিধি বিষয়ক সতর্কীকরণ:** ব্যুরোতে কোভিড-১৯ এর বিষয়ে স্বাস্থ্য | ৩১/১২/২০২১ তারিখের মধ্যে স্থাপিত কোভিড-১৯ এর বিষয়ে স্বাস্থ্যবিধি বিষয়ক সতর্কীকরণ পোস্টার | |

| ক্র.নং | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বিধি বিষয়ক সতর্কীকরণ পোস্টার ও বিজ্ঞপ্তি স্থাপনের জন্য ৩১/১২/২০২১ তারিখে লক্ষ্যস্থির করা হয়েছিল। তদানুযায়ী ৩১/১২/২০২১ তারিখে কোভিড-১৯ এর বিষয়ে স্বাস্থ্য বিধি বিষয়ক সর্তর্কীকরণ পোস্টার ও বিজ্ঞপ্তি ব্যুরোর গুরুত্বপূর্ণ স্থানে লাগানো হয়েছে। এছাড়া ২৯-৩০ নভেম্বর ২০২১, ২৪ জানুয়ারি ২০২২ ও ৪ মার্চ ২০২২ তারিখ কোভিড-১৯ বিষয়ে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | ও বিজ্ঞপ্তির বিষয়ে নিয়মিত তদারকী করতে হবে। ব্যুরোর কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য কোভিড-১৯ এর বিষয়ে অধিকতর সচেতনতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণে নিয়মিত Learning Session-এর আয়োজন রাখতে হবে। | |
| ৩.৪ | **মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান:** ব্যুরোর ২০০ জন কর্মকর্তা/কর্মচারীগণকে উক্ত প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্য স্থির করা হয়েছে। প্রথম ত্রৈমাসিকে ৬৬ জন, দ্বিতীয় ত্রৈমাসিকে ৬০ জন, তৃতীয় ত্রৈমাসিকে ১২৯ জন এবং ৪র্থ ত্রৈমাসিকে ৫৫জনসহ ৯ জুন ২০২২ পর্যন্ত মোট ৩১০ জনকে মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণ মডিউলে মোটিভেশনাল সংক্রান্ত বিষয় অন্তর্ভূক্ত রেখে প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যস্থিত ২০০ জন কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক (বাস্তঃ ও প্রশিক্ষণ), উশিব্যু। |
| ৩.৫ | **সেবা গ্রহীতাদের অভিযোগ/দুর্ভোগ প্রতিকার ব্যবস্থা:** ৩১/১২/২০২১ তারিখের মধ্যে সেবা গ্রহীতাদের অভিযোগ/দুর্ভোগ প্রতিকারের লক্ষ্যস্থিরকতৃ কার্যক্রম যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে। | সময়ে সময়ে সেবা গ্রহীতাদের প্রাপ্য অভিযোগ/দুর্ভোগ প্রতিকারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ সহকারী পরিচালক (অর্থ ও লজিঃ), উশিব্যু। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অধিকতর যত্নবান হওয়ার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৬/২২

(মোঃ আতাউর রহমান)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ২২২২৮৭৮৯৫
e-mail: dg@bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.০৫.৩৯৫.১৩- ৯৬০

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯ / ৩০ জুন ২০২২

**কার্যার্থে:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু, ঢাকা।
৩। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা
(কার্যবিবরণীটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৬। লাইব্রেরিয়ান/ষ্টোর অফিসার/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৭। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলাঃ.........................................
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু, ঢাকা।
৯। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfc.gov.bd

**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ৩য় সভায় ( এপ্রিল-জুন ৪র্থ কোয়ার্টার) উপস্থিত সদস্যগণের হাজিরা:**

স্থান: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সভাকক্ষ।

তারিখ: ২০ জুন ২০২২ খ্রি:। সময়: দুপুর ১২.০০ ঘটিকা।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | [illegible] বেগম | [illegible] | [স্বাক্ষর] 20/06/22 |
| ২. | মোহাম্মদ রুহুনুদ্দীন সরকার | উপ-পরিচালক (অর্থ) | [স্বাক্ষর] 20/6/22 |
| ৩. | মোঃ রিয়াজ উদ্দিন [illegible] | উপ পরিচালক (প্রশাসন) | [স্বাক্ষর] 20/06/2022 |
| ৪. | মোঃ ওবায়দুজ্জামান | A.D (প্রশা.) | [স্বাক্ষর] 20/6/22 |
| ৫. | মোঃ দেলোয়ার হোসেন | AD (Plan) | [স্বাক্ষর] 20/6/22 |
| ৬. | মোঃ আব্দুল কাইয়ুম | S/O | [স্বাক্ষর] 20/6/22 |
| ৭. | ফরিদা ইয়াসমিন | লাইব্রেরিয়ান | [স্বাক্ষর] 20/6/022 |
| ৮. | ড. মোহাম্মদ আব্দুল্লাহ [illegible] | AD, Admin | [স্বাক্ষর] 20/6/2022 |
| ৯. | মোঃ মাহবুব আলম | AD - (M&P) | [স্বাক্ষর] 20/6/22 |
| ১০. | | | |
| ১১. | | | |